

হাদীস নং ১

আসসালামু আলাইকুম, ছোট্ট বন্ধুরা! কেমন আছ তোমরা? আজ থেকে আমরা সুন্দর সুন্দর হাদীস পড়ব। আজ পড়ব বুখারি শরিফের এক নম্বর হাদীস। চলো এবার, হাদীসটা পড়ি—

إِنَّمَا الْأَعْمَالُ بِالنِّيَّاتِ

অর্থ: নিশ্চয়ই সকল কাজ নিয়তের ওপর নির্ভরশীল।

(বুখারি, ১; মুসলিম, ১৯০৭)

এখন থেকে যেকোনো ভালো কাজ করার আগে সুন্দর নিয়ত করে নেবে। আল্লাহকে খুশি করার নিয়তে ভালো কাজ করলে অনেক অনেক সাওয়াব পাবে। বুঝেছ, ছোট্ট বন্ধুরা?



হাদীস নং ১.১

বন্ধুরা, মন দিয়ে শুনো! শেষ ভালো যার, সব ভালো তার। আমাদের প্রিয় নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কী বলেছেন জানো? তিনি বলেছেন,

إِنَّمَا الْأَعْمَالُ بِالْخَوَاتِيمِ

অর্থ: সকল কাজ সমাপ্তির ওপর নির্ভরশীল।

(বুখারি, ৬৬০৭)

এ হাদীস থেকে আমরা কী শিখলাম? আমরা শিখলাম, কোনো কাজ সুন্দরভাবে শেষ করতে পারলেই আমরা ভালো ফলাফল পাব। এখন থেকে তোমরা সব কাজ সুন্দরভাবে শেষ করবে। তা হলেই আল্লাহ তোমাদের ভালো কাজটা পছন্দ করবেন। মনে থাকবে তো, বন্ধুরা?



হাদীস নং ২

বন্ধুরা, আমরা সবাই মুসলিম। তাই আমরা সব সময় নবিজির কথা মেনে চলব। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের জন্য বলেছেন,

صَلُّوا خَمْسَكُمْ

অর্থ: পাঁচ ওয়াক্ত সালাত আদায় করো।

(মুসনাদু আহমাদ, ২০৬৫৭; তিরমিধি, ৬১৬)

নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে প্রতিদিন পাঁচ বার সালাত আদায় করতে বলেছেন। তোমরা নবিজির কথামতো প্রতিদিন পাঁচ বার সালাত আদায় করবে। মনে থাকবে তো?

ফজর

ঈশা

যুহর

মাগরিব

আসর

হাদীস নং ২.১

গত ক্লাসে আমরা কি শিখেছিলাম, মনে আছে তোমাদের? নবিজির কথামতো দিনে পাঁচ বার সালাত আদায় করতে হবে। কিন্তু কীভাবে সালাত আদায় করবে? যেভাবে মন চায় সেভাবে সালাত পড়লেই কি হবে? না, বন্ধুরা! সালাত পড়তে হবে নবিজির মতো। নবিজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

صَلُّوا كَمَا رَأَيْتُمُونِي أُصَلِّي

অর্থ: তোমরা সেভাবে সালাত আদায় করো, যেভাবে
আমাকে আদায় করতে দেখেছ। (বুখারি, ৬৩৩)

তাই, নবিজি যেভাবে সালাত আদায় করেছেন তোমরাও সেভাবে সালাত আদায় করবে। তা হলেই আল্লাহ সালাত কবুল করবেন। বুঝেছ তোমরা?



হাদীস নং ৩

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ। কেমন আছ তোমরা? আজকে আমরা জানব ইসলামের তৃতীয় রুকন বা খুঁটি সম্পর্কে। এটি হচ্ছে সিয়াম। সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত আল্লাহকে খুশি করার নিয়তে সকল প্রকার পানাহার থেকে বিরত থাকার নামই সিয়াম। নবিজি সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,

الصَّيَّامُ جُنَّةٌ

অর্থ: সিয়াম ঢাল স্বরূপ।

(বুখারি, ১৮৯৪; মুসলিম, ১১৫১)

অর্থাৎ, সিয়াম আমাদের জন্য ঢাল হিসেবে কাজ করে। সিয়াম আমাদেরকে গুনাহ বা মন্দ কাজ থেকে বিরত রাখে। সিয়াম থাকলে আল্লাহ অনেক খুশি হন।

